

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
রায়পুরা, নরসিংদী।

স্মারক নং- ০৫.৩০.৬৮৬৪.১১০.০২.৪৭৪.২০১৮-২৯৬(৬)

তারিখ :- ০৭/০৪/২০১৯ খ্রি.।

বিষয় :- রায়পুরা উপজেলা প্রশাসনের সহায়তায় জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট(এনআইএলজি) ঢাকা কর্তৃক বাস্তবায়নধীন ০৩ (তিন) দিন ব্যাপী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের জন্য " ইউনিয়ন পরিষদ প্রশাসন অবহিতকরণ " শীর্ষক প্রশিক্ষণ কোর্সে যোগদান সংক্রান্ত।

সূত্র :- এনআইএলজি, ঢাকার ২৪/১০/২০১৮ তারিখের ৪৬.০১৮.০০০০.০০২.০১.০০২.১০/১০২১/১(৭) নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোল্লিখিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রায়পুরা উপজেলা প্রশাসনের সহায়তায় জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট(এনআইএলজি), ঢাকা কর্তৃক বাস্তবায়নধীন ০৩(তিন)দিন ব্যাপী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের জন্য " ইউনিয়ন পরিষদ প্রশাসন অবহিতকরণ " শীর্ষক প্রশিক্ষণ কোর্স নিম্নে বর্ণিত ব্যাচ ও সময়সূচী মোতাবেক উপজেলা পরিষদ গনমিলনায়তনে অনুষ্ঠিত হবে। আপনার ইউনিয়ন পরিষদের সকল সদস্য সহ নির্ধারিত তারিখ যথাসময়ে প্রশিক্ষণ কোর্সে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রশিক্ষণে অংশ গ্রহনকারীদের পাসপোর্ট সাইজের-০১কপি রদিন ছবি সংগে আনতে হবে এবং প্রশিক্ষণ চলাকালীন দিন সমূহে তাদের চা-নাস্তা সহ দৈনিক ভাতা প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সসমূহে নিম্ন-স্বাক্ষরকারী কোর্স পরিচালক এবং সহকারী কমিশনার (ভূমি), রায়পুরা, নরসিংদী কোর্স সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।


ঃঃ কোর্স সিডিউল ::

ক্রমিক নং	নির্ধারিত তারিখ	ব্যাচ নম্বর	ভেন্যু নম্বর	প্রশিক্ষণের স্থান	ইউনিয়ন সমূহের নাম	মন্তব্য
১।	১৬/০৪/২০১৯ হতে ১৮/০৪/২০১৯ পর্যন্ত	০১	০১	উপজেলা পরিষদ সভা কক্ষ (২য় তলা)	রায়পুরা, মুছাপুর এবং মহেশপুর	
২।	১৬/০৪/২০১৯ হতে ১৮/০৪/২০১৯ পর্যন্ত	০২	০২	উপজেলা পরিষদ গণমিলনায়তন ( নীচ তলা )	চান্দেদরকান্দি, পলাশতলী এবং মির্জানগর	
৩।	২২/০৪/২০১৯ হতে ২৪/০৪/২০১৯ পর্যন্ত	০৩	০১	উপজেলা পরিষদ সভা কক্ষ (২য় তলা)	চরসুবুর্জি, হাইরমারা এবং নিলক্ষ্যা	
৪।	২২/০৪/২০১৯ হতে ২৪/০৪/২০১৯ পর্যন্ত	০৪	০২	উপজেলা পরিষদ গণমিলনায়তন ( নীচ তলা )	আমিরগঞ্জ, চর-আড়ালিয়া এবং ডৌকারচর	
৫।	২৮/০৪/২০১৯ হতে ৩০/০৪/২০১৯ পর্যন্ত	০৫	০১	উপজেলা পরিষদ সভা কক্ষ (২য় তলা)	আদিয়াবাদ, মরজাল এবং উত্তরবাখরনগর	
৬।	২৮/০৪/২০১৯ হতে ৩০/০৪/২০১৯ পর্যন্ত	০৬	০২	উপজেলা পরিষদ গণমিলনায়তন ( নীচ তলা )	রাধানগর, মির্জাপুর এবং অলিপুরা	
৭।	০৫/০৫/২০১৯ হতে ০৭/০৫/২০১৯ পর্যন্ত	০৭	০১	উপজেলা পরিষদ সভা কক্ষ (২য় তলা)	পাড়াতলী, শ্রীনগর এবং চাঁনপুর	
৮।	০৫/০৫/২০১৯ হতে ০৭/০৫/২০১৯ পর্যন্ত	০৮	০২	উপজেলা পরিষদ গণমিলনায়তন ( নীচ তলা )	বাঁশগাড়ী, চর-মথুরা এবং মির্জারচর	

সংযুক্ত :

- (১) কোর্স সিডিউল-০১(এক) ফর্দ।
- (২) ইউনিয়ন পরিষদ সদস্যগণের পত্র-১২(বার) ফর্দ।


প্রাপক :- চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ(সকল)  
রায়পুরা, নরসিংদী।

  
( মোঃ শফিকুল ইসলাম )  
উপজেলা নির্বাহী অফিসার  
রায়পুরা, নরসিংদী।  
#-০১৯৭২৬৮৭০১০  
তারিখ :- ০৭/০৪/২০১৯ খ্রি.।

স্মারক নং- ০৫.৩০.৬৮৬৪.১১০.০২.৪৭৪.২০১৮-২৯৬(৬)/১(২৭)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

১. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, এনআইএলজি, ২৯, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।
২. জেলা প্রশাসক, নরসিংদী।
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুরা, নরসিংদী।
৫. ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুরা, নরসিংদী।
৬. উপজেলা.....কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী।
৭. জনাব.....সদস্য(সংরক্ষিত/সাধারণ আসন).....ইউনিয়ন পরিষদ, রায়পুরা।  
তাকে পাসপোর্ট সাইজের-০১ কপি রদিন ছবি সহ নির্ধারিত তারিখ যথাসময়ে প্রশিক্ষণে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
৮. সচিব.....ইউনিয়ন পরিষদ(সকল), রায়পুরা, নরসিংদী। উপর্যুক্ত প্রশিক্ষণ কোর্সে সম্মানিত ইউপি চেয়ারম্যান ও সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করা জন্য অনুরোধ করা হলো।
৯. অফিস কপি।

  
উপজেলা নির্বাহী অফিসার  
রায়পুরা, নরসিংদী।